



জাতীয় বিশ্ববিদ্যালয়  
বাংলাদেশ

স্মারক নং- ১৬(৭৫১)জাতীঃবিঃ/রেজিঃ/অ্যাকাঃ/মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি/২০২২-২০২৩/৫৩৯১

তারিখ: ৩১/০৭/২০২৫

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে রিলিজ প্রিপে অনলাইন আবেদন সম্পর্কিত  
জরুরি বিজ্ঞপ্তি

ভর্তি বিষয়ক ওয়েবসাইট: [www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে রিলিজ প্রিপের অনলাইন আবেদন ০৩ আগস্ট বিকাল ৪টা থেকে শুরু হয়ে ১২ আগস্ট ২০২৫ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে যে সকল আবেদনকারী ক) মেধা তালিকায় স্থান পায়নি, খ) মেধা তালিকায় স্থান পেয়েও ভর্তি হয়নি, গ) মেধা তালিকায় ভর্তি হয়ে পরবর্তীতে ভর্তি বাতিল করেছে, সে সকল আবেদনকারীকে মেধা তালিকায় স্থান পেতে অবশ্যই রিলিজ প্রিপে আবেদন করতে হবে। উল্লেখ্য যে, কলেজ কর্তৃক যে সকল আবেদনকারীর প্রাথমিক আবেদন নিশ্চয়ন করা হয়নি, সে সকল আবেদনকারী রিলিজ প্রিপে আবেদন করতে পারবে না।  
এ সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **Prospectus/Important Notice** অপশন থেকে জানা যাবে।

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে রিলিজ প্রিপের অনলাইন আবেদন নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে

ক্রমিক	করণীয়	তারিখ
১।	২০২২-২০২৩ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে রিলিজ প্রিপে অনলাইন আবেদনের তারিখ: ক) রিলিজ প্রিপে আবেদনের জন্য আবেদনকারীকে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের <b>Applicant Login</b> অপশনে <b>Masters (Regular) Login</b> লিংকে গিয়ে প্রাথমিক আবেদন ফরমে উল্লিখিত রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এক্ষেত্রে আবেদনকারীর নাম ও অন্যান্য তথ্যসহ রিলিজ প্রিপের আবেদন ফরম ওয়েবসাইটে প্রদর্শিত হবে। খ) এ পর্যায়ে আবেদনকারী বিভাগ ও জেলাভিত্তিক <b>College Selection Option</b> এ গিয়ে যে কোন কলেজ <b>Select</b> করলে ঐ কলেজে তার ভর্তি যোগ্য ( <b>Eligible</b> ) বিষয়ে শূন্য আসনের তালিকা দেখতে পাবে। আবেদনকারীকে প্রতিটি কলেজের ক্ষেত্রে বিষয়ভিত্তিক শূন্য আসনের তালিকা থেকে তার ভর্তি যোগ্য ( <b>Eligible</b> ) বিষয় নির্ধারণ করে এন্ট্রি দিতে হবে। এভাবে একজন আবেদনকারী পর্যায়ক্রমে তার পছন্দ অনুযায়ী তিনটি কলেজে বিষয় নির্ধারণ করে রিলিজ প্রিপের আবেদন ফরম পূরণ করবে। গ) আবেদনকারীকে রিলিজ প্রিপের আবেদন ফরম ডাউনলোড করে অফসেট সাদা কাগজে প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহ করতে হবে তবে এই ফরমটি আবেদনকৃত কলেজসমূহে জমা দিতে হবে না এবং কোন ফি প্রদান করতে হবে না। ঘ) রিলিজ প্রিপের আবেদন সংশ্লিষ্ট কলেজ কর্তৃক অনলাইনে নিশ্চয়ন করতে হবে না।	০৩/০৮/২০২৫ থেকে ১২/০৮/২০২৫

৩১.০৭.২০২৫  
(প্রফেসর ড. ফকির রফিকুল আলম)  
ডিন (ভারপ্রাপ্ত)  
ম্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র  
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪  
ফোন : ০২-৯৯৬৬৯১৫৭৪  
ই-মেইল- [adm.masf@nu.ac.bd](mailto:adm.masf@nu.ac.bd)

স্মারক নং- ১৬(৭৫১)জাতীঃবিঃ/রেজিঃ/অ্যাকাঃ/মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি/২০২২-২০২৩/৫৩৯১

তারিখ: ৩১/০৭/২০২৫

বিতরণ:

- ১। পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ২। পরিচালক, অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৩। পরিচালক, জনসংযোগ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ইলেকট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়।
- ৬। সচিব, ভাইস-চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৭। উপ-রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর-১ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৮। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর-২, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৯। অফিস কপি

স্বা/-  
(মোহাম্মদ সিরাজুল ইসলাম)  
উপ-রেজিস্ট্রার (মাস্টার্স)

ম্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র